

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ১৫২৩ (আগরতলা, ৬।৯)

সাবুমে, ৬ সেপ্টেম্বর, ২০১৯

শারদোৎসবে শান্তি বজায় রাখার লক্ষ্যে  
সাবুমে বৈঠক অনুষ্ঠিত

আসন্ন শারদোৎসবে শান্তি শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে ৪ সেপ্টেম্বর সাবুমে মহকুমা শাসক অফিসে প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মহকুমার বিভিন্ন সার্বজনীন শারদোৎসব কমিটির প্রতিনিধি, আরক্ষা প্রশাসন ও মহকুমা প্রশাসনের পদস্থ আধিকারকগণ উপস্থিত ছিলেন। বৈঠকে সাবুমে মহকুমা প্রশাসনের ডেপুটি কালেক্টর উত্তম দাস বৈষ্ণব শারদোৎসব সংক্রান্ত রাজ্য সরকারের নীতি নির্দেশিকা সকলকে অবহিত করেন। নির্দেশিকা অনুযায়ী সরকারি/বেসরকারি উভয় ক্ষেত্রে জমির মালিকের অনুমতি নিয়ে পূজো উদ্যোক্তাদের পূজোর আয়োজন করতে বলা হয়। এছাড়াও সংশ্লিষ্ট থানা, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ দপ্তর থেকে বৈধ অনুমতি নিয়ে পূজোর আয়োজন করতে বলা হয়। তবে কোথাও কোনও রাস্তা আটক করে পূজো করা যাবে না। বৈঠকে বলা হয়, পূজোর চাঁদা তোলায় ক্ষেত্রে থানার বৈধ অনুমতি, পূজো কমিটির সম্পাদক, সভাপতি, কোষাধ্যক্ষের স্বাক্ষর প্রত্যেক রশিদেই থাকতে হবে। চাঁদার পরিমাণ এবং আদায়কারীর স্বাক্ষরও থাকতে হবে প্রত্যেক রশিদে। বৈঠকে জানানো হয় চাঁদা তোলা নিয়ে কোনও প্রকার জোর জবরদস্তি বরদাস্ত করা হবে না। রাস্তায় গাড়ি থামিয়ে চাঁদা তোলা যাবেনা। ৩ জনের বেশি একসঙ্গে চাঁদা তুলতে যেতে পারবেন না। মাইক ব্যবহারের ক্ষেত্রেও পূজো উদ্যোক্তাদের আগাম অনুমতি নিতে হবে বলে বৈঠকে জানানো হয়। দৌলবাড়ি এবং সাবুমে অটো স্ট্যান্ডে যানবাহন নিয়ন্ত্রণে ড্রপগেইট খোলা হবে মহকুমা প্রশাসন থেকে। শান্তি-শৃঙ্খলা রক্ষায় আরক্ষা প্রশাসনকে সাহায্য করার জন্য পূজো উদ্যোক্তাদের আহ্বান জানানো হয় মহকুমা প্রশাসন থেকে।

\*\*\*\*\*